গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন শাখা-১

পরিকল্পনা বিভাগ/পরিকল্পনা মন্ত্রণালয়
বিভাগ প্রধান, কার্যক্রম/শিল্প ও শক্তি/
সা:অ:/ভৌত/সা: অর্থনীতি/কৃষি বিভাগ
যুগ্ম-সচিব (প:বি:)/যুগ্ম-সচিব (প:বি:)/
যুগ্ম-সচিব (বা:আ:)/যুগ্ম-প্রধান (একনেক)/
যুগ্ম-সচিব (এনইসি)
পি.এস.
তারিখ: স্বাক্ষর:

স্মারক নং-৪৪.০০.০০০০.০৩৮.০১.০০১.১১.৭৬৬

তারিখ ১০ চৈত্র, ১৪২২
২৪ মার্চ, ২০১৬

পরিপত্র

বিষয় ঃ অফিসিয়াল পাসপোর্ট ইস্যু প্রসঙ্গে।

সরকারী কাজে বিদেশ ভ্রমণসহ অন্যান্য প্রয়োজনে সরকারী কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে অফিসিয়াল পাসপোর্ট ইস্যু করা হয়। বর্তমানে অফিসিয়াল পাসপোর্টের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ইতঃপূর্বে এ সংক্রান্ত জারীকৃত পরিপত্র/আদেশ নিম্নরূপভাবে সমন্বিত আকারে জারী করা হলোঃ

ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও গবেষণা কোষ হতে প্রকাশিত "সরকারী সংস্থাসমূহের নাম ও যোগাযোগের ঠিকানা-২০১৬" শীর্ষক পুস্তকে যে সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/অধস্তন অফিস এবং স্বায়ত্বশাসিত সংস্থা/কর্পোরেশন-এর নাম ও যোগাযোগের ঠিকানা উল্লেখ রয়েছে সে সকল দপ্তরে কর্মরত রাজস্বখাতভুক্ত সরকারী কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে সরকারী আদেশের (GO) ভিত্তিতে সরকারী কাজে বিনা ফি'তে এবং চিকিৎসা, পবিত্র হজ্জ্ব পালন, তীর্থস্থান ভ্রমণের ক্ষেত্রে সরকারী আদেশের (GO) ভিত্তিতে ফি গ্রহণ সাপেক্ষে অফিসিয়াল (Official) পাসপোর্ট প্রদান করা হবে। অন্যান্য ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত অনাপত্তি সনদ (NOC) এর ভিত্তিতে ফি প্রদান সাপেক্ষে সাধারণ (Ordinary) পাসপোর্ট ইস্যু করা হবে।

খ) প্রকল্পে অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ যারা উন্নয়ন খাত হতে বেতন ভাতা উত্তোলন করেন তাদের অনুকূলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত অনাপত্তি সনদ (NOC) এর ভিত্তিতে সাধারণ ফি গ্রহণ সাপেক্ষে সাধারণ পাসপোর্ট ইস্যু করা হবে। তবে সরকারী কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সরকারী আদেশের (GO) ভিত্তিতে বিনা ফি'তে সাধারণ পাসপোর্ট ইস্যু করা হবে।

গ) সাধারণভাবে অফিসিয়াল পাসপোর্টের মেয়াদ ০৫ (পাঁচ) বছর হবে। তবে, নির্ধারিত ০৫ (পাঁচ) বছরের পূর্বে যদি আবেদনকারী সরকারী কর্মকর্তা/কর্মচারী অবসরে যান অথবা অন্য কোন কারণে চাকুরীরত না থাকেন সে ক্ষেত্রে অবসর গ্রহণের তারিখ বা চাকুরী হতে প্রস্থানের তারিখ বা পাসপোর্ট ইস্যুর তারিখের পরবর্তী ০৬ (ছয়) মাস এর মধ্যে যে তারিখ পরবর্তীতে ঘটবে, সে তারিখ পর্যন্ত সরকারী পাসপোর্টের মেয়াদ হবে। Post Retirement Leave (PRL) এর পূর্ণ মেয়াদে অর্থাৎ শুরু থেকে এক বছর পর্যন্ত অফিসিয়াল পাসপোর্ট প্রদান করা যাবে তবে কর্মকর্তা স্বেচ্ছায় উক্ত সময়ের মধ্যে তার অফিসিয়াল পাসপোর্ট পরিবর্তন করে সাধারণ পাসপোর্ট গ্রহণ করতে পারবেন।

ঘ) অনুচ্ছেদ 'ক' ও 'খ' তে বর্ণিত কর্মকর্তা/কর্মচারীগণের অনুকূলে পাসপোর্ট প্রদানের ক্ষেত্রে পুলিশ প্রতিবেদনের প্রয়োজন হবে না এবং এক্ষেত্রে সাধারণ ফি গ্রহণের মাধ্যমে জরুরী সেবা প্রদান করা হবে।

ঙ) সরকারী সফরে বেসরকারী ব্যক্তিবর্গ অন্তর্ভুক্ত থাকলে তাঁদের অনুকূলে সরকারী আদেশের ভিত্তিতে (GO) সাধারণ ফি'তে জরুরী ভিত্তিতে সাধারণ পাসপোর্ট ইস্যু করা হবে।

চ) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পদায়নকৃত/কর্মরত Non-Diplomatic কর্মকর্তা/কর্মচারী এবং তার পরিবারের সদস্যদের অনুকূলে বিনা ফি'তে অফিসিয়াল (Official) পাসপোর্ট প্রদান করা হবে। বিদেশস্থ মিশনে কর্মরত কর্মকর্তাগণের Domestic Aide-দের অনুকূলে নির্ধারিত ফি গ্রহণ সাপেক্ষে অফিসিয়াল (Official) পাসপোর্ট ইস্যু করা হবে।

ছ) সরকারী আদেশ (GO) এবং অনাপত্তি সনদ (NOC) এর সঠিকতা যাচাইয়ের জন্য প্রত্যেক মন্ত্রণালয়ে একজন ফোকাল পয়েন্ট এবং একজন বিকল্প ফোকাল পয়েন্ট নির্ধারণ করে তাদের নাম, পদবী, টেলিফোন নম্বর, মোবাইল ফোন নম্বর, ই-মেইল ঠিকানাসহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, স্পেশাল ব্রাঞ্চ (এসবি) এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। জারীকৃত সরকারী আদেশ (GO) ও অনাপত্তি সনদ (NOC) ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে।

২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিনস্থ দপ্তর/পরিদপ্তর/অধিদপ্তর/সংস্থাসমূহকে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। জনস্বার্থে এ পরিপত্র জারী করা হলো।

যুগ্ম-সচিব (প্রশাসন) এর দপ্তর
ডাইরী নম্বর: ৭৪৬ তারিখঃ ৫/৪/১৬
সহঃ পরিচালক-(এসএনআরসি)
সিঃসহঃসচিব/সহঃসচিব-(প্র-২)
সিঃসহঃসচিব/সহঃসচিব-(প্রটোকল)
সিঃসহঃসচিব/সহঃসচিব-(প্র-৩)

২৪.০৩.১৬
(মোঃ শামীম হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৪৫২০
Email: immig1.mha@gov.bd